

41ST BCS VIVA EXPERIENCE COLLECTIONS

Collected by
Sajib Hossain, BCS Education Cadre (41st BCS)
01518-671783

বোর্ড: শ্রদ্ধেয় ও এন সিদ্দীকা খানম ম্যাডামের বোর্ড।

ভাইবা তারিখ: ০৭/১২/২০২২

সময়: ২৫/৩০ মিনিট।

পছন্দ: পররাষ্ট্র, প্রশাসন, তথ্য, পুলিশ

- 1) প্রথমে কুশলাদি, পারিবারিক তথ্য জেনেছেন।
- 2) মাদরাসা শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন নিয়ে গঠনমূলক পর্যালোচনা (যেহেতু দাখিল, মাদরাসা বোর্ড), দুর্বলতা, পার্থক্য, শিক্ষার ধরণ, অবকাঠামো
- 3) সম্প্রতি কোন মুসলিম রাষ্ট্র প্রধান বাংলাদেশ সফর করেছেন? কোন দেশের, সে দেশের রাজধানী (পুরো নাম), তাদের অর্থনৈতিক ব্যবস্থা।
- 4) মালয়েশিয়ার বানিজ্য মন্ত্রীকে বাংলাদেশের শ্রমিক নিতে ইংরেজিতে কনভিন্স করো?
- 5) লাহোর প্রস্তাব কী?
- 6) ছয় দফা গুলে বলো?
- 7) রাজনৈতিক ব্যক্তিত্ব তোফায়েল আহমদ এর রাজনৈতিক ভূমিকা, উত্থান, অবদান পর্যায়ক্রমে বল। (জেলা ভোলা)
- 8) জাতির জনকের সাংবিধানিক নাম কী?
- 9) তৃতীয় চয়েজ তথ্য দিয়েছো কেন? (জার্নালিজমের ব্যাকগ্রাউন্ড)
- ১০) আওয়ামী লীগ ও বিএনপির রাজনৈতিক ও উন্নয়ন কর্মকাণ্ডের তুলনা কর?
- ১১) ডেল্টা প্ল্যান, রূপকল্প- ৪১, ভিশন- ২১, ভিশন-২০৩০
- ১২) বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি।

বোর্ডঃ নাম প্রকাশে অনিচ্ছুক

সিরিয়ালঃ ০৩

সময়ঃ ১৫-১৮ মিনিট

তারিখঃ ৭/১২/২০২২

আমিঃ ভিতরে গিয়ে নমস্কার দিলাম

স্যারঃ বসুন।

আমিঃ ধন্যবাদ দিয়ে বসলাম।

স্যারঃ আপনার নাম কি??

আমিঃ গোবিন্দ হালদার।

স্যারঃ আচ্ছা হালদার এর অর্থ কি??

আমিঃ ব্যবসায়ী বা তত্ত্বাবধায়ক। উল্লেখ্য আমাদের বর্নপ্রথা অনুযায়ী আমরা নমগুদ্র এবং আমাদের পূর্বপুরুষদের পেশা ছিল ব্যবসা।

স্যারঃ বর্নপ্রথায় কতটি ভাগ?

আমিঃ ৪ টি। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শুদ্র।

স্যারঃ হালদারের হাল এবং হালখাতার হাল কি একই??

আমিঃ স্যার এ ব্যাপারে আমি সঠিক জানি না তবে, আমার মতে এক নয়।

স্যারঃ বাড়ি কোথায়?

আমিঃ বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলায়।

স্যারঃ এখন থাকো কোথায়?

আমিঃ চাকরির জন্য ঢাকায় থাকি।

স্যারঃ কিসে চাকরি করো?

আমিঃ বর্তমানে জনতা ব্যাংকের সিনিয়র অফিসার হিসেবে কর্মরত আছি। এর পূর্বে বাংলাদেশ পুলিশের সাব ইন্সপেক্টর পদে সুপারিশ প্রাপ্ত ছিলাম।

স্যারঃ তোমার ব্যাংকের অনাপত্তিপত্র কোথায়?

আমিঃ স্যার ভাইভার সময়সূচি প্রকাশিত হবার পরে আমি অনাপত্তিপত্র নেওয়ার চেষ্টা করেছিলাম এবং তাতে ১৫ কর্মদিবস সময় লাগবে তাই নিয়ে আসতে পারি নাই।

স্যারঃ তুমি কত দিন সময় পেয়েছিলে?

আমিঃ স্যার ৭ দিন।

স্যারঃ তাইলে তুমি আগামী ১০ দিনের মধ্যে অনাপত্তিপত্র জমা দিয়ে যেও। এর আগেও কিছু করেছ?

আমিঃ জী স্যার জমা দিয়ে যাব। স্যার এর আগে আমি পল্লীবিদ্যুতে ACE পদে কর্মরত ছিলাম ৩ মাস।

স্যারঃ ভালো। আপনারা প্রশ্ন করুন।

এক্সটার্নাল ১ঃ প্রথম পছন্দ কি?

স্যারঃ আমি বলছি। পুলিশ, এডমিন, অডিট, ট্যাক্স।

এক্স ১ঃ পুলিশ ক্যাডার তোমার প্রথম পছন্দ কেন?

আমিঃ আমি চ্যালেঞ্জিং এবং শৃঙ্খলাবদ্ধ জব পছন্দ করি। এখানে প্রমোশনের সুযোগ বেশি এবং মানুষ বিপদের সম্মুখীন হলে কাছ থেকে সাহায্য করার সুযোগ সহ অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে।

এক্স ১ঃ কি কি সুযোগ সুবিধা??

আমিঃ কাজের সুবিধার জন্য একটি গাড়ি পাওয়া যাবে, রেশনের ব্যবস্থা আছে, পরিবারের জন্য পুলিশ হাসপাতালে চিকিৎসা সেবা পাওয়া যাবে, বুকি ভাতা, দেহরক্ষী পাওয়া যাবে।

এক্স ১ঃ পুলিশের পদসোপান বলো।

আমিঃ Assistant Superintendent of Police, Additional Superintendent Police. বলার থামিয়ে দিলো।

এক্স১ঃ তোমার সর্বোচ্চ পদ কি হবে?

আমিঃ IGP

এক্স১ঃ পুলিশ সম্পর্কে মানুষের নেতিবাচক ধারণা রয়েছে কি?

আমিঃ পুলিশ সম্পর্কে মানুষের নেতিবাচক ধারণা দিন দিন বদলাচ্ছে। বিশেষ করে করোনাকালীন সময়ে পুলিশের আত্মত্যাগ, জঙ্গি নিয়ন্ত্রনে সাহসী ভূমিকা পুলিশের ভাবমূর্তি ইতিবাচক করছে দিন দিন। এছাড়া এসপি মশরুফ হোসেন, এডিশনাল এসপি শামীম আনোয়ার এর মত মানুষরা পুলিশের প্রতি নেতিবাচক ধারণা দিন দিন কমিয়ে এনেছে। তবে কিছু অসাধু লোক আছে যাদের জন্য পুলিশ বাহিনীর বদনাম হচ্ছে।

এক্স১ঃ প্রমোশন পেয়ে এর তুলনায় তো এডমিনে আরও বেশি উপরে যেতে পারবে।

আমিঃ স্যার আমি মনে করি " সংকল্পের কাছে বিকল্প থাকা উচিত না"। প্রকাশ থাকে যে, আমার পরিবার বলেছে তুমি তোমার পছন্দ অনুযায়ী ক্যাডার সার্ভিসে যাওয়ার জন্য চেষ্টা চালিয়ে যাও। আমি সর্বদা পরিবারের কথা শুনে চলার চেষ্টা করি। এই কারণে পুলিশকে প্রথমে দেওয়া।

এক্স১ঃ মুজিব বাহিনী এবং মুক্তিবাহিনীর পার্থক্য কি?

আমিঃ আওয়ামী লীগ, ছাত্রলীগ এবং বঙ্গবন্ধুকে অনুসরণ করে মুক্তিযুদ্ধ করেছে তাদের মুজিব বাহিনী এবং ৪ এপ্রিল, ৭১ সালে তেলিয়াপাড়া রণকৌশল অনুযায়ী যোদ্ধাদের মুক্তিবাহিনী বলা হয়।

এক্স১ঃ বঙ্গবন্ধুর লেখা বই কতটি?

আমিঃ ৩ টি।

এক্স১ঃ পড়েছ?

আমিঃ জী স্যার।

এক্স১ঃ বল বই ৩ টি নাকি ৪ টি?

আমিঃ ৩ টি।

এক্স১ঃ বলো আমার দেখা নয়টীন বইয়ে বঙ্গবন্ধুর ফিলোসোফি গুলা কি কি?

আমিঃ স্যার এই সম্পর্কে আমাকে আরও জানতে হবে। (কার্যত এই প্রশ্নের উত্তর না পারাই আমাকে ব্যাকফুটে ঠেলে দিয়েছে)

এক্স১ঃ তুমি সাহিত্য পড়?

আমিঃ জী স্যার।

এক্স১ঃ কি কি পড়েছ??

আমিঃ রবীন্দ্রনাথের উপন্যাস " নৌকাডুবি " "শেষের কবিতা " পড়েছি।

এক্স১ঃ বলো কেটি কে ছিল?

আমিঃ দুঃখিত স্যার, এখন মনে পরছে না। (এই দুই প্রশ্নই ভাইভা শেষ করে দিয়েছে)

এক্স২ঃ তুমি ব্যাংকের কোন ব্রাঞ্চে আছ?

আমিঃ আইসিএমএইচ ব্রাঞ্চে, মাতুয়াইল।

এক্স২ঃ ব্যাংকের তারল্যসংকট নিয়ে ১০ টি বাক্য বলো।

আমিঃ ২০২০ সালে ব্যাংকে মোট তারল্য ছিল ১২ লক্ষ ৫১ হাজার কোটি, ২০২১ সালে ১৩ লক্ষ ৮৬ হাজার কোটি টাকা, ২০২২ সালে ১৪ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা। এক্ষেত্রে দেখা যাচ্ছে গত ১ বছরে তারল্য বেড়েছে ১ লক্ষ ১ হাজার কোটি টাকা। এই সময়ে ঋণ প্রদান হয়েছে ১ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা এবং মূল্যস্ফীতির জন্য গত এক মাসে ৫০ হাজার কোটি টাকা ব্যাংক থেকে তুলে মানুষ দৈনন্দিন খরচ মেটাচ্ছে। সামগ্রিক ভাবে মনে হচ্ছে তারল্যসংকট আছে কিন্তু ব্যাংকিং হিসেবে টাকা ডিপোজিট বাড়ছে এবং সেখান ঋণরদান হয়েছে তাই তারল্যসংকট নেই।

স্যারঃ রিজার্ভ কমার কমেছে কত?

আমিঃ সেপ্টেম্বর ২১ থেকে সেপ্টেম্বর ২২ এই সময়ে ১১ বিলিয়ন মার্কিন ডলার কমেছে।